হরিণাকুণ্ডুতে জাতীয় দিবস উদযাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভা

হরিণাকুণ্ডু উপজেলা প্রশাসনের উদ্যোগে ১৭ মার্চ জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস, ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২১ উদযাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়। বৃহস্পতিবার সকালে উপজেলা নির্বাহী অফিসারের সম্মেলন কক্ষে নির্বাহী কর্মকর্তা সৈয়দা নাফিস সুলতানার সভাপতিত্বে এতে প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন উপজেলা চেয়ারম্যান জাহাঙ্গীর হোসাইন বিশেষ অতিথি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আব্দুর রহিম মোল্লা, হরিণাকুণ্ডু পৌরসভার নব নির্বাচিত মেয়র মোঃ ফারুক হোসেন,, প্রেসক্লাব সভাপতি সাইফুজ্জামান তাজু, মহিলা ভাইস চেয়ারম্যান রেশমা খাতুন, কৃষি কর্মকর্তা হাফিজ হাসান প্রমূখ। সভায় বক্তারা ১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস, ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২১ উদযাপন উপলক্ষে সময়সূচী নির্ধারণ করে দিক নির্দেশনামূলক বক্তব্য দেন।

শৈলকুপায় মাধ্যমিক বিদ্যালয়ের পাঠদান কক্ষে দোকান

যেখানে ছাত্রছাত্রীদের জন্য পাঠদান কক্ষ আর সেখানেই রীতিমত চেয়ার টেবিল,বেঞ্চ সরিয়ে বানানো হয়েছে দোকান ঘর, এমনটি দেখা যায় ঝিনাইদহের শৈলকুপা উপজেলার অচিন্ত্যপুর মাধ্যমিক বিদ্যালয়ে। সরেজমিনে দেখা যায়, বিদ্যালয়ের ৬ষ্ঠ শ্রেনীর একটি কক্ষে আসবাবপত্র সরিয়ে দোকান ঘর বানানো হয়েছে। বেশ কিছুদিন ধরে এখানে ব্যবসা চালিয়ে যাচ্ছে অচিন্ত্যপুর গ্রামের রাশিদুল ইসলাম।

গ্রামের লোকের অভিযোগ এই স্কুলের প্রধান শিক্ষক আহাম্মদ আলী এই পাঠদান কক্ষটি টাকার বিনিময়ে ভাড়া দিয়েছেন।

কিভাবে পাঠদান কক্ষ ভাড়া দিলেন এ নিয়ে সাধারণ মানুষের মধ্যে প্রশ্ন দেখা দিয়েছে। অচিন্ত্যপুর গ্রামের বাসিন্দা গণি বলেন বিদ্যালয় কক্ষে দোকান বসিয়ে ব্যবসা করা একদমই ঠিক না। প্রতিষ্ঠানে দোকান ঘর মেনে নেওয়া যায় না। এব্যাপারে প্রধান শিক্ষক আহাম্মদ আলী বলেন আমি দোকান ঘর ভাড়া দেইনি, রাশিদুল কিছুদিনের জন্য মালামাল নিয়ে ব্যবসা করছে তবে অচিরেই এখান থেকে দোকান উঠিয়ে দেওয়া হবে। এব্যাপারে মাধ্যমিক শিক্ষা অফিসার শামীম আহাম্মেদ বলেন কোন ক্রমেই পাঠদান কক্ষে দোকান ঘর বসিয়ে ব্যবসা পরিচালনা করা যাবে না, বিষয়টি খতিয়ে দেখে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।

ঝিনাইদহে গাঁজা বিক্রয় সময় এক মাদক ব্যবসায়ী আটক

ঝিনাইদহে অভিনব কায়দায় মাদক (গাঁজা) বিক্রয় সময় আছান হোসেন (৩৩) নামে এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে সদর থানা পুলিশ। বুধবাার রাতে সদর উপজেলার মধুপুর এলাকার এন এস বি ইটভাটা এলাকা থেকে তাকে আটক করা হয়। সে সাতক্ষীরা জেলার আশাশুনি থানার বড়দল গ্রামের রউব মোল্যার ছেলে।

ঝিনাইদহ সদর থানার অফিসার ইনচার্জ মোহাম্মদ মিজানুর রহমান জানান, গোপন সংবাদের ভিত্তিতে জানতে পারি সদর উপজেলার মধুপুর বাজার এলাকায় এক মাদক ব্যবসায়ী গাজাসহ অবস্থান করছে। সেসময় সদর থানার এস আই রফিকুল ইসলাম, এস আই মোখলেচুর রহমান, এ এস আই আনোয়ারুল ইসলামসহ সঙ্গীয় ফোর্স নিয়ে সেখানে অভিযান পরিচালনা করে আছান হোসেনকে আটক করা হয়। পরে তার কাছের ব্যাগের মধ্যে থাকা একটি সাইন্ড বক্সের ভিতরে রাখা ৭ শত ৫০ গ্রাম গাঁজা উদ্ধার করা হয়। তিনি আরও জানান, তার বিরুদ্ধে বিভিন্ন থানায় মাদক মামলা রয়েছে এবং এ ঘটনায় ঝিানইদহ থানায় একটি মাদক মামলা হয়েছে।

গাংনীতে ইটভাটা মালিকের ৫০ হাজার টাকা জরিমানা

মেহেরপুরের গাংনীতে একটি ইট ভাটায় অভিযান চালিয়ে পঞ্চাশ হাজার টাকা জরিমানা করেছে ভ্রাম্যমান আদালত। বৃহস্পতিবার দুপুরে ভ্রাম্যমান আদালত পরিচালনা করেন নির্বাহী ম্যাজিষ্ট্রেট ও সহকারি কমিশনার(ভুমি) নুর ই আলম সিদ্দিকী।

ভ্রাম্যমান আদালতের নির্বাহী ম্যাজিষ্ট্রেট জানান, অবৈধ ভাবে ইট ভাটা স্থাপন ও ভাটাই ব্যাবহৃত মাটি ফেলে রাস্তায় যান চলাচলের প্রতিবন্ধকতা সৃষ্টি করাই ধানখোলা হাড়িয়াদাহ এলাকায় এসবি ভাটা মালিকের ৫০ হাজার টাকা জরিমানা করা হয়। এসময় ভাটা এলাকার রাস্তা পরিস্কার রাখার নির্দেশ দেয়া হয়। এসময় গাংনী থানা পুলিশের একটি টিম ভ্রাম্যমান আদালত পরিচালনা কাজে সহযোগীতা করেন।

শৈলকুপায় মোটরসাইকেলের সাথে ড্রাম ট্রাকের সংঘর্ষ আহত ১

মারাত্মক সড়ক দূর্ঘটনা থেকে রক্ষা পেলো দুটি প্রাণ। ঘটনাটি বৃহস্পতিবার (১১ মার্চ) সকাল আনুমানিক সাড়ে ১১টার দিকে শৈলকুপা পৌর এলাকার সাতগাছি গ্রামে শৈলকুপা টু কাতলাগাড়ী রোডে। প্রত্যক্ষদর্শীদের ভাষ্যমতে, চরমৌকুড়ী গ্রামের তরিকুল ও রাব্বি নামে দুজন যুবক মোটরসাইকেল যোগে বাড়ি ফিরছিল। দূর্ঘটনায় এলাকায় পৌছালে মাটি ভর্তি ট্রলিকে অতিক্রম করতে গিয়ে অপরদিক থেকে আসা ড্রাম ট্রাকের সাথে ধাক্কা লেগে মোটরসাইকেল থেকে ছিটকে পড়ে যায়। পরে স্থানীয়রা মোটরসাইকেল চালক রাব্বিকে গুরুতর আহতবস্থায় উদ্ধার করে শৈলকুপা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে।

মেহেরপুরে আঞ্চলিক ইজতেমা শুরু

মেহেরপুরে ৩ দিনব্যাপী আঞ্চলিক ইজতেমা শুরু হয়েছে। মেহেরপুর তাবলীগ জামাত এর আয়োজনে মেহেরপুর সরকারি কলেজ মাঠের ইজতেমা চলবে আগামী শনিবার পর্যন্ত। শনিবার আখেরি মোনাজাতের মধ্য দিয়ে ইজতেমা শেষ হবে বলে জানিয়েছে আয়োজকরা।

বৃহস্পতিবার সকাল থেকেই ইজতেমা মাঠে লোক সমাগম হতে থাকে। এলাকা ভিত্তিক আলাদা আলাদা জায়গা নির্ধারণ করা হয়েছে। যেখানে জড় হচ্ছে মেহেরপুরসহ দেশের বিভিন্ন প্রান্ত থেকে আসা মুসল্লীরা।

ইজতেমা ঘিরে নেওয়া হয়েছে কঠর নিরাপত্তা ব্যবস্থা। জেলা পুলিশের চৌকশ দল, ফায়ার সার্ভিসের দলসহ সাদা পোশাকের পুলিশ সেখাবে অবস্থান করছে।

এদিকে ইজতেমা ঘিরে মেহেরপুর-চুয়াডাঙ্গা সড়কে গড়ে উঠেছে অসংখ্য অস্থায়ী দোকান। যেখানে বিক্রি হচ্ছে, আতর, জায়নামাজ, পাঞ্জাবীসহ নানা ধরনের মুখরোচক খাবার।

ইজতেমার জিম্মাদার হামিদুর রশিদ জানান, আমাদের সকল প্রস্তুতি সম্পন্ন হয়েছে। ইতিমধ্যে মুসল্লীরা আসতে শুরু করেছে। আশা করছি আগামী শনিবার শান্তিপূর্ণ ভাবে আখেরি মোনাজাতের মধ্য দিয়ে ইজতেমা শেষ করতে পারবো।

মেপ্র/এমএফআর

জীবননগর পৌর সভার নব-

নির্বাচিত পরিষদের দায়িত্বভার গ্রহন অনুষ্ঠানে-এমপি টগর

জীবননগর অফিসঃ জীবননগর পৌর সভার নব-নির্বাচিত পরিষদের দায়িত্বভার গ্রহন ,সংবর্ধনা প্রদান ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে ।গতকাল বৃহসপ্রতিবার সকাল ১১টার সময় জীবননগর পৌর সভার আয়োজনে পৌর সভার চত্বরে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।জীবননগর পৌর সভার নব-নির্বাচিত মেয়র রফিকুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী আলী আজগার টগর।

প্রধান অতিথি তার বক্তব্যে বলেন পৌরবাসী ভোট দিয়ে নির্বাচিত করেছেন তাদের সেবা করার জন্য।তাই পৌরবাসীকে সেবা করতে হবে ।তাদের সেবক হিসাবে পাশে থাকতে হবে ।জননেন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশ একটি উন্নয়শীল দেশ হিসাবে গড়ে তোলার জন্য দিন রাত কাজ করে যাচ্ছে।সেই ধারাবাহিকতায় আজ জীবননগর পৌর সভার প্রতিটি রাস্তা,ড্রেন,কালভার্ট সহ বিভিন্ন ধরনের উন্নয়নমুলক কাজ হয়েছে। জীবননগর পৌর সভাকে একটি মডেল পৌর সভায় পরিনত করতে হবে ।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা নির্বাহী অফিসার এস,এম মুনিম লিংকন,চুয়াডাঙ্গা-জেলা আওয়ামলীগের সহ-সভাপতি মোশারফ হোসেন,জীবননগর উপজেলা আওয়ামলীগের সভাপতি গোলাম মোর্তুজা,সাধারন সম্পাদক নজরুল ইসলাম,জীবননগর পৌর সভার সাবেক মেয়র জাহাঙ্গীর আলম,জীবননগর উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান আবু মোঃ আঃ লতিপ অমল,জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি)সাইফুল ইসলাম,জীবননগর পৌর আওয়ামলীগের সভাপতি নাসির উদ্দিনসহ স্থানীয় নেতাকর্মি ও পৌর সভার ৯টি ওয়ার্ডের নির্বাচিত ওর্য়াড কাউন্সিলারগন উপস্থিত ছিলেন ।উক্ত অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন জীবননগর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আঃ সালাম ঈশা ।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[